আজকের পত্রিকা

আর্কাইভ | অনুসন্ধান করুন

খবর

# শিক্ষার্থী ১০ হাজার শিক্ষক মাত্র ২৭

**প্রকাশ:** ১০ ঘন্টা আগে | Like 1 Share 1

**সাইফুল হক মোল্লা দুলু, কিশোরগঞ্জ**



(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=e00885a132__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2qb9Juo)

রাজধানীর বাইরে নারীর উচ্চশিক্ষার জন্য সুপরিচিত কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ। জেলার বিস্তীর্ণ হাওর অঞ্চলসহ অন্য এলাকার অসংখ্য শিক্ষার্থী এখানে উচ্চশিক্ষা গ্রহণ করছেন। বর্তমানে অধ্যয়নরত ১০ হাজার ২০০ ছাত্রী। তবে তীব্র শিক্ষক সংকটে কলেজটিতে পাঠদান কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। কলেজটিতে ১১৬ জন শিক্ষক থাকার কথা থাকলে আছেন মাত্র ২৭ জন। ফলে ৮৯টি পদই শূন্য রয়েছে। শিক্ষকের অভাবে শিক্ষার্থীরা কাঙ্ক্ষিত ফল করতে পারছেন না বলে অভিভাবকদের অভিযোগ। তাদের প্রশ্ন, এভাবে কী কলেজ চলে?

কলেজ সূত্রে জানা গেছে, হিসাববিজ্ঞান বিভাগে বর্তমানে কোনো শিক্ষক নেই। অন্য বিষয়ের শিক্ষক এই বিভাগে এসে পড়ান। ইসলামের ইতিহাস বিভাগে আছেন একজন শিক্ষক। তিনি একাই একাদশ, দ্বাদশ, সম্মান ও মাস্টার্সের ক্লাস নেন।

কলেজটিতে ১৩টি বিভাগে অনার্স ও ৫টি বিভাগে অনার্সসহ মাস্টার্স চালু রয়েছে। অনার্স ও মাস্টার্স থাকা সত্ত্বেও অধিকাংশ বিভাগে সর্বোচ্চ তিনজন এবং কোনো কোনো বিভাগে দুইজন করে শিক্ষক রয়েছেন। অতিথি শিক্ষকদের দিয়ে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম কোনোভাবে চালানো হচ্ছে।

গোটা হাওরাঞ্চল, কিশোরগঞ্জের ১৩টি উপজেলা, ময়মনসিংহের নান্দাইল, নেত্রকোনার খালিয়াজুরি, কেন্দুয়া, নরসিংদীর রায়পুরাসহ ১৯টি উপজেলার ছাত্রীদের উচ্চশিক্ষার জন্য ১৯৬৯ সালে কিশোরগঞ্জ ক্লাব-সংলগ্ন একটি ঘরে কলেজটির যাত্রা শুরু। ১৯৭২ সালে শহরের পুরাতন কোর্ট রোডে পাঁচ একর জমিতে কলেজের কার্যক্রম স্থানান্তরিত হয়। ১৯৮৯ সালে কলেজটি সরকারীকরণ হয়। শুরু থেকেই এখানে উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখা চালু রয়েছে। ২০০৪ সাল থেকে কলেজটিতে পর্যায়ক্রমে অনার্স ও মাস্টার্স চালু হয়।

সরেজমিনে দেখা গেছে, সমাজবিজ্ঞান বিভাগে পাঁচটি শাখার ক্লাস নিতে হচ্ছে দু'জন শিক্ষককে। এ বিভাগে শিক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ায় দু'জন অতিথি শিক্ষক নিয়োগ দিতে বাধ্য হয়েছেন কর্তৃপক্ষ। বাংলা বিভাগে সাতজন শিক্ষকের জায়গায় আছেন দু'জন। তাদের উচ্চ মাধ্যমিক ও সম্মান শ্রেণির সব ক্লাস নিতে হয়। পুরো ইংরেজি বিভাগ দেখতে হচ্ছে দুই শিক্ষককে। ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকল্যাণে তিনজন করে শিক্ষক রয়েছেন।

কলেজে লাইব্রেরিয়ান, সহকারী লাইব্রেরিয়ান, স্টোরকিপার, ইলেকট্রিশিয়ান পদে কোনো লোক নেই। অফিস সহকারী আটজনের জায়গায় আছেন

তিনজন। এমএলএসএসের তিনটি পদও শূন্য রয়েছে। ফলে শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতিদিনই বিভিন্ন সমস্যায় পড়তে হচ্ছে।

কলেজের প্রাণিবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মাসুদুল ইসলাম জানান, ছাত্রভর্তি ও পরীক্ষার সময় সাময়িকভাবে লোক ভাড়া করে কলেজের বিভিন্ন কাজ সম্পন্ন করতে হয়। হিসাববিজ্ঞান বিভাগের ছাত্রী রুনা আক্তার জানান, শিক্ষক সংকটে তারা সঠিক পাঠদান থেকে বঞ্চিত হচ্ছেন। ইসলামের ইতিহাস বিভাগের ছাত্রী রেবেকা সুলতানা জানান, একজন শিক্ষক দিয়ে আর চলছে না। মাঝেমধ্যে অতিথি শিক্ষক তাদের ক্লাস নেন। এতে ভীষণ অসুবিধা হচ্ছে।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক হাবিবুর রহমান জানান, অধিকাংশ বিভাগে তিনজনের বেশি শিক্ষক নেই। অতিথি শিক্ষক দিয়ে পাঠদান কার্যক্রম চালানোর ফলে কলেজ তহবিলের একটি বড় অঙ্ক এ খাতে চলে যাচ্ছে। এতে শিক্ষার মান কমছে এবং সহশিক্ষা কার্যক্রমও ব্যাহত হচ্ছে। এ ব্যাপারে একাধিকবার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে চিঠি দেওয়া হয়েছে। কিছুদিন আগে শিক্ষক সংকটের সার্বিক বিষয় তুলে ধরে শিক্ষা সচিবকে চিঠি দেওয়া হয়েছে। তিনি আরও জানান, একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্লাস নেওয়ার মতো কক্ষ নেই। একটি একাডেমিক ভবনের নির্মাণকাজ শুরু হয়েছে। আরও দুটি একাডেমিক ভবনের এবং দুটি ছাত্রীনিবাস জরুরি।

(https://samakal.com/print/19119380/print) মন্তব্য করুন

(https://samakal.com/whole-country/article/19113611/রতনের-স্ত্রী-শিক্ষিকা-ঝুমুর-সাসপেন্ড)

## এমপি রতনের স্ত্রী শিক্ষিকা ঝুমুর সাসপেন্ড

(https://samakal.com/whole-country/article/19113611/রতনের-স্ত্রী-শিক্ষিকা-ঝুমুর-সাসপেন্ড)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/entertainment/article/19113211/সঙ্গে-ফাহমির-অন্তরঙ্গ-ছবি-ফাঁস)

## মিথিলা-ফাহমির ছবি ভাইরাল

(https://samakal.com/entertainment/article/19113211/সঙ্গে-ফাহমির-অন্তরঙ্গ-ছবি-ফাঁস)

(https://www.samakal.com/whole-country/article/19011860/%E0%A6%B0%E0%A7%87%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A1-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE)

## মোবাইল রেকর্ড থেকেই জানা গেল আসল ঘটনা

(https://www.samakal.com/whole-country/article/19011860/%E0%A6%B0%E0%A7%87%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A1-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/international/article/1901425/মাছের-দাম-২৫-কোটি-টাকা)

## এক মাছের দাম ২৫ কোটি টাকা!

(https://samakal.com/international/article/1901425/মাছের-দাম-২৫-কোটি-টাকা)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/bangladesh/article/19113536/জোড়া-খুন-দোষ-স্বীকার-করে-সুরভীর-জবানবন্দি)

## ধানমন্ডিতে জোড়া খুন: দোষ স্বীকার করে সুরভীর জবানবন্দি

(https://samakal.com/bangladesh/article/19113536/জোড়া-খুন-দোষ-স্বীকার-করে-সুরভীর-জবানবন্দি)

(https://samakal.com/whole-country/article/19091001/প্রতিশোধ-নিতে-রুবেলকে-খুন-করে-কিশোরী-ও-তার-ভাই)

## ধর্ষণের প্রতিশোধ নিতে রুবেলকে খুন করে কিশোরী ও তার ভাই

**Samakal**

(https://samakal.com/whole-country/article/19091001/প্রতিশোধ-নিতে-রুবেলকে-খুন-করে-কিশোরী-ও-তার-ভাই)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

# ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

Samakal

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

## অন্যান্য


অনুপ্রবেশকারীদের দাপটে কোণঠাসা ত্যাগী নেতারা (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19119457/অনুপ্রবেশকারীদের-দাপটে-কোণঠাসা-ত্যাগী-নেতারা)


৫৭ ব্যক্তি-প্রতিষ্ঠানকে জরিমানা, গ্রেপ্তার ২৮ (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19119456/৫৭-ব্যক্তিপ্রতিষ্ঠানকে-জরিমানা-গ্রেপ্তার-২৮)

কমিউনিটি অ্যাম্বাসাডর টিম চালু ডিএসসিসির (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19119455/কমিউনিটি-অ্যাম্বাসাডর-টিম-চালু-ডিএসসিসির)

সেফুদার সম্পত্তি ক্রোকের নির্দেশ (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19119454/সেফুদার-সম্পত্তি-ক্রোকের-নির্দেশ)

কাউন্সিলর রাজীবের এক গাড়ি জব্দ, ২টি নজরদারিতে (https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/19119453/কাউন্সিলর-রাজীবের-এক-গাড়ি-জব্দ-২টি-নজরদারিতে)

আরও (https://samakal.com/list/tp-khobor)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)

(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)

(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED